

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩
www.lawjusticediv.gov.bd

নং- ১০.০০.০০০০.১২৭.৯৯.০০৩.২০.২৫৫

তারিখঃ ০২ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ
১৬ জুন ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়ঃ একাদশ জাতীয় সংসদের শূন্য আসনের নির্বাচন উপলক্ষে “নির্বাচনি তদন্ত কমিটি” গঠন প্রসঙ্গে।

সূত্রঃ (১) স্মারক নং- ১ই-৫১/২০০০(অংশ-৬)-৩৩৯২ জে, তারিখঃ ১৫/০৬/২০২১ খ্রিঃ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
(২) ১৭.০০.০০০০.০৪৫.২৭.০০১.২০-৬০, তারিখঃ ১০/০৬/২০২১ খ্রিঃ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সংসদীয় আসন ২৭৫ লক্ষ্মীপুর-২ নির্বাচনি এলাকায় সংসদ সদস্য নির্বাচন উপলক্ষে নির্বাচন-পূর্ব অনিয়ম প্রতিরোধ ও নিয়ন্ত্রণের উদ্দেশ্যে ০১ জন যুগ্ম জেলা ও দায়রা জজ ও ০১ জন সিনিয়র সহকারী জজ/সহকারী জজ এর সমন্বয়ে ০১ টি “নির্বাচনি তদন্ত কমিটি” গঠনের জন্য বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নিম্নবর্ণিত ০২ (দুই) জন বিচার বিভাগীয় কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হলোঃ

ক্রমিক নং	নির্বাচনি এলাকা, নম্বর ও নাম	নির্বাচনি এলাকার বিস্তৃতি	নাম, পদবি ও আদালতের নাম
০১.	২৭৫ লক্ষ্মীপুর-২	(ক) রায়পুর উপজেলা ও (খ) লক্ষ্মীপুর সদর উপজেলার নিম্নলিখিত ইউনিয়ন সমূহঃ- (১) উত্তর হামছাদী (২) দক্ষিণ হামছাদী (৩) দালাল বাজার (৪) চর রুহিতা (৫) পার্বতী নগর (৬) শাকচর (৭) টুমচর (৮) চর রমহীমোহন ও (৯) বশিকপুর	জনাব মোঃ আজহার হোসেন বিচারক (যুগ্ম জেলা ও দায়রা জজ) ল্যান্ড সার্ভে ট্রাইব্যুনাল, লক্ষ্মীপুর ও জনাব মোঃ ইকবাল হোসাইন সহকারী জজ, লক্ষ্মীপুর

SM
২৬/০৬/২১
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৬৬৩১।

সচিব

নির্বাচন কমিশন সচিবালয়,
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
দৃঃ আঃ উপ-সচিব (আইন)।

সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, লক্ষ্মীপুর।
- ৩। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। জনাব/বেগম
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ঢাকা।
- ৬। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, লক্ষ্মীপুর।
- ৭। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। গার্ড ফাইল।